

Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 17 July, 2025

বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবদিন ফারুক বলেছেন, গোপালগঞ্জে এনসিপি নেতাদের ওপর হামলা একটি রাজনৈতিক ষড়যন্ত্রের অংশ, যার উদ্দেশ্য হতে পারে আসন্ন নির্বাচন পেছানো।

বৃহস্পতিবার (১৭ জুলাই) জাতীয় প্রেস ক্লাবের সামনে জিয়াউর রহমানের ছবি অবমাননা ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে নিয়ে অশালীন মন্তব্যের প্রতিবাদে জাসাস আয়োজিত মানববন্ধনে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, তারেক রহমানের সঙ্গে লন্ডনে নির্বাচন বিষয়ে আলোচনা শুরুর পর থেকেই দেশে ষড়যন্ত্র শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় গোপালগঞ্জে এই সহিংস হামলা সংঘটিত হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

ফারুক আরও বলেন, আওয়ামী লীগ সরকারের সময়ে পুলিশে ব্যাপক নিয়োগ হলেও, এখনো প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীর মধ্যে আগের সরকারের লোকজন বহাল রয়েছে। তিনি প্রশ্ন তোলেন, কেন এখনো অনেক থানা, জেলা এবং সচিবালয়ে আওয়ামীপন্থী কর্মকর্তারা রয়েছেন।

তিনি জামায়াতের প্রতি সাবধানতা অবলম্বনের আহ্বান জানিয়ে বলেন, অতীতে পাকিস্তানের পক্ষে অবস্থান এবং স্বাধীনতা বিরোধী ভূমিকার দায় আজও জাতির স্মৃতিতে রয়েছে।

তিনি সরকারকে দ্রুত একটি অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচনের ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান।

জাসাস আহ্বায়ক হেলাল খানের সভাপতিত্বে মানববন্ধনে আরও উপস্থিত ছিলেন সংগঠনটির সদস্য সচিব জাকির হোসেন, সংগীতশিল্পী ন্যাঈম, যুগ্ম আহ্বায়ক আহসানুল্লাহ জনিসহ অন্যান্য নেতাকর্মীরা।

বিএনপি জয়নুল আবদিন ফারুক